

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ
সেকশন-১৪, মিরপুর, ঢাকা-১২০৬

ভর্তি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ, সেকশন-১৪, মিরপুর, ঢাকা-১২০৬-এ ২০২০-২১ শিক্ষাবর্ষে **Master of Applied Criminology and Police Management (MACPM)** প্রোগ্রামে শিক্ষার্থী ভর্তি সংক্রান্তে তথ্যাবলী নিম্নে প্রদত্ত হলো :-

১। ভর্তির যোগ্যতা :

- (ক) পুলিশ পরিদর্শক এবং তদুর্ধ্ব কর্মকর্তা যাদের ২ বছরের চাকরির অভিজ্ঞতা রয়েছে এবং নন-পুলিশ কর্মকর্তা যাদের ৩ বছরের চাকরির অভিজ্ঞতা রয়েছে অথবা
- (খ) মাস্টার্স ডিগ্রী অথবা ৪ বছরের স্নাতক (সম্মান) ডিগ্রী;
- (গ) শিক্ষা জীবনের যে কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণী ভর্তির অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে;

২। আবেদনের নিয়ম :

পুলিশ স্টাফ কলেজের নির্ধারিত ফরমের মাধ্যমে আবেদন করতে হবে। পূরণকৃত আবেদন ফরমের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র জমা দিতে হবে:

- ক) এস.এস.সি/সম্মান হতে স্নাতক (সম্মান)/মাস্টার্স পর্যন্ত সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি;
- খ) জাতীয় বিশ্ববিদ্যালয় ব্যতীত অন্য বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রীধারীদের মাইগ্রেশন সনদের মূল কপি;
- গ) বিদেশী বিশ্ববিদ্যালয় থেকে ডিগ্রীধারী শিক্ষার্থীদের ক্ষেত্রে সমতা নিরূপনের সনদপত্র;
- ঘ) চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র;
- ঙ) পুলিশ প্রার্থীদের পদমর্যাদার প্রমাণপত্র (আইডি বিপি নম্বরসহ);
- চ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৪ কপি রঙিন ছবি;

বিঃ দ্রঃ প্রয়োজনীয় কাগজপত্র অসম্পূর্ণ থাকলে ভর্তি বাতিল বলে গণ্য হবে। ভর্তির সময় অবশ্যই কলেজ কর্তৃপক্ষের নিকট মূল সনদ ও নম্বরপত্র প্রদর্শন করতে হবে। এতে ব্যর্থ হলে আবেদনকারী ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবেন। কলেজ কর্তৃপক্ষ সনদ ও নম্বরপত্রের সত্যতা সম্পর্কে নিশ্চিত হয়ে বিশ্ববিদ্যালয়ে কাগজপত্র দাখিল করবেন।

৩। ফিসের বিবরণ :

আবেদন ফরম জমাদানের সময় আবেদন ফি বাবদ ১০০০/- প্রদান করতে হবে।

৪। ভর্তি সংক্রান্ত তথ্যাবলী নিম্নরূপ :

(ক)	ভর্তির ফরম প্রাপ্তির তারিখ	৩১/১০/২০২১ থেকে ২১/১১/২০২১
(খ)	ভর্তি ফরম জমা দানের শেষ তারিখ	০১/১১/২০২১ থেকে ২৩/১১/২০২১

বিঃ দ্রঃ নির্ধারিত সময়ের পর কোন অবস্থাতেই ব্যাংক ড্রাফট, ভর্তি বিবরণী ও অন্যান্য কাগজপত্র সংশ্লিষ্ট শাখায় গ্রহণ করা হবে না।
বিলম্বে ভর্তির কোন প্রকার আবেদন জাতীয় বিশ্ববিদ্যালয়ে গৃহীত হবে না।

৫। পুলিশ কর্মকর্তাদের জন্য করণীয়:

- ক. এএসপি ও তদুর্ধ্ব কর্মকর্তাগণ পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ নির্ধারিত আবেদনপত্রের সাথে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত আবেদনের ছক পূরণ করে স্ব স্ব ইউনিটের মাধ্যমে পুলিশ হেডকোয়ার্টার্স-এর ট্রেনিং-১ শাখায় প্রেরণ করবেন। মন্ত্রণালয় কর্তৃক অনুমোদনের জন্য পুলিশ হেডকোয়ার্টার্স প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।
- খ. পুলিশ পরিদর্শকদের আবেদনপত্র স্ব স্ব ইউনিটের মাধ্যমে পুলিশ হেডকোয়ার্টার্স-এর ট্রেনিং-১ শাখায় প্রেরণ করতে হবে।
- গ. সকল ক্ষেত্রে অগ্রগামী কপি পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ-এ অবশ্যই জমা দিতে হবে।

৬। যোগাযোগ :

যে কোন তথ্যের জন্য MACPM অফিস, কক্ষ নম্বর- ৪০৮, পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ, মিরপুর-১৪, ঢাকা-১২০৬। ফোন নম্বর: ০১৩২০-২১৬২১৩, ০১৭১৮-৭১৬০৮৫ ই-মেইল- macpm.psc@gmail.com ওয়েবসাইট: www.psc.gov.bd

পরিচালক (একাডেমিক)
পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ